Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-449
বিষয়: সেইফটি ট্র্যান্সফার (নিরাপত্তাজনিত কারণে স্থানান্তরণ)
শ্রেণীবিভাগ: শিক্ষার্থীবৃন্দ
ইস্যুর তারিখ: 09 মার্চ, 2011

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 20 জানুয়ারি, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-449 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগাদ করা হয়েছে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-449

বিষয়: সেইফটি ট্র্যান্সফার (নিরাপত্তাজনিত কারণে স্থানান্তরণ)

শ্রেণীবিভাগ: শিক্ষার্থীবৃন্দ

ইস্যুর তারিখ: 09 মার্চ, 2011


**সারসংক্ষেপ**

এই প্রবিধান নিরাপত্তাজনিত কারণে বদলির অনুমোদন প্রক্রিয়ার বিবরণ দেয় যেমন (1) যখন শিক্ষার্থীরা স্কুল সম্পত্তির মধ্যে সহিংস অপরাধের শিকার হয়, এবং (2) যখন শিক্ষার্থীরা স্কুলের মালিকানাধীন এলাকার মধ্যে সহিংস অপরাধের শিকার হয়, এবং অন্য পরিস্থিতিতে, যখন স্কুলে কোনো শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি তার জন্য অনিরাপদ বলে নির্ধারিত হয়।


## I. ভূমিকা

A. এই প্রবিধান শিক্ষার্থীদেরকে নিরাপত্তাজনিত কারণে বদলির অনুমোদন দেয়া হবে কিনা সেটি নির্ধারণের প্রক্রিয়ার বিবরণ দেয়।

B. **নো চাইল্ড লেফট্ বিহাইন্ড অ্যাক্ট আইনের অধীনে নিরাপত্তাজনিত কারণে বদলি:** নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইন অনুযায়ী, যদি কোনো শিক্ষার্থী তার স্কুলে বা স্কুল-প্রাঙ্গনে কোনো সহিংস অপরাধের শিকার হয় তাহলে তা অবশ্যই স্কুলকে জানাতে হবে এবং সেই শিক্ষার্থীর অন্য কোনো নিরাপদ স্কুলে বদলির অধিকার থাকবে। কোনো শিক্ষার্থী এই ধরনের বদলির অনুরোধ জানালে যদি নির্ধারিত হয় যে, সে স্কুল প্রাঙ্গনে সহিংস অপরাধের শিকার হয়েছে, তাহলে তাকে অবশ্যই বদলির অনুমোদন দিতে হবে।

C. **অন্যান্য নিরাপত্তাজনিত কারণে বদলি:** কোনো শিক্ষার্থী স্কুল-প্রাঙ্গনে সহিংস অপরাধের শিকার না হয়েও অনেক পরিস্থিতিতে নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধ জানাতে পারে। যদি নির্ধারিত হয় যে স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি নিরাপদ নয়, সেক্ষেত্রে এমন কোনো অনুরোধ অনুমোদিত হওয়া উচিত।

## II. সহিংস অপরাধের শিকার এমন শিক্ষার্থীদের জন্য নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইনে নিরাপত্তাজনিত কারণে বদলি

A. এই আইনে "সহিংস ফৌজদারী অপরাধ"-এর সংজ্ঞা নিম্নরূপ:

1. স্টেটের ফৌজদারী আইনের সংজ্ঞা অনুযায়ী অন্য কাউকে গুরুতরভাবে শারীরিক আঘাত[1] করা (যেমন, হামলা, অগ্নিসংযোগ) এই অপরাধের অন্তর্ভুক্ত; অথবা
2. এমন কোনো যৌন অপরাধ যার সাথে জবরদস্তি জড়িত (যেমন, ধর্ষণ, মুখ বা পায়ু-কামিতা, যৌন নির্যাতন); অথবা

---

[1] ফৌজদারী আইন 10.00 (10)-এ সংজ্ঞায়িত "গুরুতর শারীরিক আঘাত" হচ্ছে, যা এমন একটি "শারীরিক আঘাত, যেটা মৃত্যু ঘটানোর যথেষ্ট ঝুঁকি সৃষ্টি করে, অথবা যার ফলে মৃত্যু হতে পারে বা গুরুতর কোনো দীর্ঘায়িত শারীরিক অঙ্গ বিকৃতি ঘটাতে পারে, অথবা স্বাস্থ্যের দীর্ঘায়িত বৈকল্য বা দেহের কোনো অঙ্গের কার্যকারিতার দীর্ঘায়িত ক্ষতি বা বৈকল্য ঘটাতে পারে।"

3. অন্য যেকোনো ধরনের অপরাধ, যা ফৌজদারী আইনানুযায়ী মারাত্মক কোনো অস্ত্রের ব্যবহার অথবা ব্যবহারের হুমকি হিসেবে সংজ্ঞায়িত হয়েছে।[2]

B. যদি স্কুলের কোনো কর্মী জানতে পারেন যে স্কুল প্রাঙ্গনে কোনো শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং A-443 অনুযায়ী প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই একটি পূর্ণ তদন্ত করে যথাযথ ব্যবস্থা নিতে হবে। অতিরিক্তভাবে, নিচে উল্লিখিত পদক্ষেপগুলি তাৎক্ষণিকভাবে অবশ্যই গ্রহণ করতে হবে।

1. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনাটি NYPD, ইমার্জেন্সি ইনফর্মেশন সেন্টার (“EIC”) এবং শিক্ষার্থীর পিতামাতাকে অবহিত করতে হবে।
2. শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার (উপরে উল্লিখিত সংজ্ঞা অনুযায়ী) হয়েছে কিনা সেটি নির্ধারণে, প্রিন্সিপ্যালকে অবশ্যই NYPD-র সাথে পরামর্শ করতে হবে। NYPD-র স্কুল সেফটি ডিভিশনের সাথে নিচের প্রক্রিয়াসমূহ প্রতিষ্ঠিত হয়েছে।
   a. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি বিশ্বাস করেন যে, শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই স্কুল যে থানায় (প্রিসিঙ্কটে) অবস্থিত সেই থানার NYPD স্কুল সেফটি সার্জেন্টের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে। যদি স্কুল সেফটি সার্জেন্টকে না পাওয়া যায়, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির অবশ্যই থানার (প্রিসিঙ্কট) কমান্ডার অথবা সেই দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে।
   b. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনা যেই স্কুলে ঘটেছে সেটার নাম এবং/অথবা ফোন নম্বর, ঘটনার তারিখ, সময়, এবং যেখানে ঘটনাটি ঘটেছে সেই স্থান এবং যে শিক্ষার্থী(রা) অপরাধের শিকার হয়েছে তার বা তাদের নাম জানাতে হবে।
   c. স্কুলের তদন্তের এক স্কুল দিবসের মধ্যে, উপরে উল্লিখিত সংজ্ঞা অনুযায়ী শিক্ষার্থী যে সহিংস অপরাধের শিকার হয়েছে সেই অভিযোগের তদন্ত করবে কিনা তা NYPD মৌখিকভাবে নিশ্চিত করবে। NYPD একটি লিখিত নিশ্চয়তাও প্রদান করবে।[3]
   d. NYPD-এর মৌখিক নিশ্চয়তা পাবার 24 ঘণ্টার মধ্যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই বরো ডিরেক্টর অভ সাসপেনশন যিনি অফিস অভ স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (OSYD)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার (CEO) হিসেবে দায়িত্ব পালন করেন, তাকে অবহিত করবেন এবং সকল প্রাসঙ্গিক ঘটনা জানাবেন। সকল কাগজপত্র অবশ্যই (সাক্ষীর বক্তব্য, ঘটনার রিপোর্ট, ইত্যাদি) বরো ডিরেক্টর অভ সাসপেনশনের পর্যালোচনার জন্য প্রস্তুত থাকতে হবে।
   e. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির বিজ্ঞপ্তি পাবার 24 ঘণ্টার মধ্যে, বরো ডিরেক্টর অভ সাসপেনশনকে অবশ্যই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে যে শিক্ষার্থী স্কুল প্রাঙ্গণে সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে কিনা। এই সিদ্ধান্ত গ্রহণে বরো ডিরেক্টর অভ সাসপেনশন অফিস অভ লিগ্যাল সার্ভিসের সাথে পরামর্শ করতে পারেন। জেনে রাখুন যে, কোনো শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে সেটা

---

[2] ফৌজদারী আইন 10.00(12)-এ “মারাত্মক অস্ত্র”-কে সংজ্ঞায়িত করা হয়েছে এমন অস্ত্র হিসেবে যা “গুলিভর্তি একটি অস্ত্র এবং যা দিয়ে গুলি করলে মৃত্যু অথবা গুরুতর শারীরিক জখম হতে পারে, অথবা সুইচব্লেড নাইফ বা ছুরি, গ্র্যাভিটি নাইফ, পাইলাম ব্যালিস্টিক নাইফ, মেটাল নাকল্ নাইফ, ড্যাগার, বিলি, ব্ল্যাকজ্যাক, অথবা মেটাল নাকল্।”

[3] শুধুমাত্র এই স্মারকে বর্ণিত উদ্দেশ্যের রূপরেখা অনুযায়ী NYPD থেকে দেয়া তথ্য ব্যবহার করা যেতে পারে।

বিশ্বাসের কারণ নির্ধারণের জন্য অপরাধের জন্য দোষী সাব্যস্ত হবার আবশ্যকতা নেই।

f. বরো ডিরেক্টর অভ সাসপেনশন যদি নির্ধারণ করেন যে, শিক্ষার্থী স্কুল প্রাঙ্গনে সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার কারণ রয়েছে, সেক্ষেত্রে শিক্ষার্থীর বদলির অধিকার থাকবে।

3. শিক্ষার্থী স্কুল প্রাঙ্গনে সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার কারণ রয়েছে সেটা নির্ধারিত হবার এবং সেজন্য তার বদলির অধিকার প্রতিষ্ঠিত হবার 24 ঘণ্টার মধ্যে, বরো ডিরেক্টর অভ সাসপেনশন অবশ্যই লিখিতভাবে শিক্ষার্থীর পিতামাতাকে তার অন্য পাবলিক স্কুলে বদলি হবার অধিকার সম্পর্কে জানাবেন (1 নম্বর সংযুক্তটি দেখুন)। এই নোটিসটি [4] অবশ্যই ব্যক্তিগতভাবে, এক্সপ্রেস ডাকযোগে অথবা অন্য কোনো একই ধরনের জরুরি ভিত্তিতে (যেমন, ফ্যাক্স অথবা ইমেইলে) পাঠাতে হবে যেন নোটিসটি যে সিদ্ধান্ত গ্রহণের 24 ঘন্টার মধ্যে পিতামাতা পেয়েছেন তা নিশ্চিত হওয়া যায়।

a. বরো ডিরেক্টর অভ সাসপেনশন অনুরোধ করবেন যে পিতামাতা বদলি হতে আগ্রহী কিনা সেটা আলোচনার জন্য নোটিস পাবার পাঁচ দিনের মধ্যে পিতামাতা যেন তাকে অবহিত করেন।

b. পিতামাতা যদি পাঁচ দিনের মধ্যে জবাব না দেন, তবে বরো ডিরেক্টর অভ সাসপেনশন অবশ্যই পিতামাতার সাথে যোগাযোগ করবেন।

c. পিতামাতা যদি বদলি নিতে আগ্রহী হন, বরো ডিরেক্টর অভ সাসপেনশনস্, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের ("স্টুডেন্ট এনরোলমেন্টস্") এক্সিকিউটিভ ডিরেক্টর অভ বরো এনরোলমেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে পরামর্শের প্রেক্ষিতে পিতামাতাকে একটি বদলির স্কুলের প্রস্তাব করবেন। ডিস্ট্রিক্ট 75 পাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের ক্ষেত্রে, বরো ডিরেক্টর অভ সাসপেনশন ডিস্ট্রিক্ট 75-এর ডিরেক্টর অভ প্লেসমেন্টের সাথে পরামর্শ করে পিতামাতাকে একটি বদলির স্কুলের প্রস্তাব দেবেন। যথাসম্ভব, শিক্ষার্থীকে এমন একটি স্কুলে বদলি দেয়া হবে যে স্কুলটি নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইনের অধীনে প্রতি বছর পর্যাপ্ত অগ্রগতি সাধন করছে এবং যেটি উন্নতি আবশ্যক, সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ অথবা নতুন করে গড়ার প্রক্রিয়াধীন নয়।

d. শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার কারণ প্রতিষ্ঠিত হবার দশ ক্যালেন্ডার দিবসের মধ্যে বরো ডিরেক্টর অভ সাসপেনশন অবশ্যই পিতামাতাকে বদলি স্কুলটি সম্পর্কে অবহিত করবেন (সংযুক্তি নম্বর 2 দেখুন)।

পিতামাতার সম্মতি লাভের পর বরো ডিরেক্টর অভ সাসপেনশন যে স্কুলে বদলি হচ্ছে সেই স্কুলকেও অবশ্যই জানাবেন যে, শিক্ষার্থী ঐ স্কুলে বদলি হচ্ছে।

e. বিদ্যমান বিধি এবং প্রবিধান অনুযায়ী বদলি পাওয়া শিক্ষার্থীদের অবশ্যই পরিবহন সুবিধা প্রদান করতে হবে।

---

[4] এই স্মারক সম্পর্কিত যেকোনো চিঠি যতটা সম্ভব পিতামাতার বাড়িতে ব্যবহৃত ভাষা অথবা তাদের সাথে যোগাযোগের সম্ভাব্য যে ব্যবস্থা রয়েছে সেটা ব্যবহারের মাধ্যমে করতে হবে। ঐসব ক্ষেত্রে যদি সম্ভব হয়, পিতামাতার নিজস্ব ভাষা অথবা তাদের সুবিধাজনক যোগাযোগের ভাষার মাধ্যমে চিঠির পূর্ণ অনুবাদ চিঠির সাথে সংযুক্ত করে দেয়া বাঞ্ছনীয় অথবা সেখানে উল্লেখ করাও যেতে পারে "সংযুক্ত চিঠিতে আপনার সন্তান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। অনুগ্রহ করে যথাশীঘ্রই সম্ভব সেটা অনুবাদ করিয়ে নিন।"

f. যদিও শিক্ষার্থীর পিতামাতাকে তাদের শিক্ষার্থীকে বদলির সুযোগ অবশ্যই প্রদান করা হবে, কিন্তু তিনি ইচ্ছা করলে তার সন্তানকে বর্তমান স্কুলেও রেখে দেয়ার সিদ্ধান্ত নিতে পারেন।

4. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এবং বরো ডিরেক্টর অভ সাসপেনশন তাদের সাথে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের যে আলোচনা হয়েছে সেসব বিষয়ের যথাযথ নথিপত্র সহ, পিতামাতাকে প্রেরণকৃত বিজ্ঞপ্তি, পুলিশ রিপোর্টসমূহ, ইত্যাদি অবশ্যই সংরক্ষণ করবেন।

III. **অন্য নিরাপত্তাজনিত বদলিসমূহ:**

A. যদি কোনো শিক্ষার্থীর পিতামাতা বদলির অনুরোধ জানায় এবং নির্ধারিত হয় যে, স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি শিক্ষার্থীর জন্য নিরাপদ নয়, তবে স্কুল প্রাঙ্গনে শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার না হয়েও নিরাপত্তাজনিত কারণে বদলি পেতে পারে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির পরামর্শের প্রেক্ষিতে স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অভ বরো এনরোলমেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সিদ্ধান্ত গ্রহণ করবেন। ডিস্ট্রিক্ট 75 পাবলিক স্কুল শিক্ষার্থীদের বেলায়, ডিস্ট্রিক্ট 75-এর ডিরেক্টর অভ প্লেসমেন্ট, ডিস্ট্রিক্ট 75-এর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে পরামর্শ করার পর, এই সিদ্ধান্ত নেবেন।

B. এই অনুরোধ যদি স্কুল-সংক্রান্ত সুরক্ষার ঘটনা হয়, সেক্ষেত্রে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই একটি পূর্ণ তদন্ত করা হয়েছে সে বিষয়টি নিশ্চিত এবং ঘটনার রিপোর্ট তৈরি করবেন, সংশ্লিষ্ট পক্ষগুলোর বক্তব্য নেবেন এবং সাক্ষী জোগাড় করবেন, এবং চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং A-443 অনুযায়ী শৃঙ্খলাভঙ্গের কারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। ঘটনা যদি ফৌজদারী প্রকৃতির হয়, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি পিতামাতার কাছে পুলিশ রিপোর্টের কপি চাইবেন। অনুরোধ মূল্যায়নে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি তদন্তের ফলাফল এবং সকল সহায়ক নথিপত্র পর্যালোচনা করবেন।

C. পিতামাতার কাছ থেকে নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধ এবং সকল সহায়ক কাগজপত্র পাবার 48 ঘণ্টার মধ্যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বদলির প্রয়োজন আছে কিনা সেই মর্মে স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর ফর বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে অবশ্যই একটি সুপারিশ করবেন (সংযুক্তি নম্বর 4 দেখুন)। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিচে উল্লিখিত নথিপত্রসমূহ স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অভ বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে প্রদান করবেন।

1. নিরাপত্তাজনিত কারণে বদলির ভর্তি ফর্ম (3 নং সংযুক্তি দেখুন);
2. তদন্তের সারাংশ (4 নং সংযুক্তি দেখুন);
3. ঘটনা সংক্রান্ত স্কুল রিপোর্টের কপি; এবং
4. পুলিশ রিপোর্টের কপি।

D. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির অনুমোদন এবং অন্য নথিপত্র পাবার এক সপ্তাহের মধ্যে, স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অভ বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বরো সেফটি ডিরেক্টর যিনি অফিস অভ স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলোপমেন্ট (OSYD)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার (CEO)-এর দায়িত্বেও কাজ করেন তার সাথে পরামর্শ করে নিরাপত্তাজনিত কারণে বদলির অনুমোদন দেয়া যাবে কিনা তা অবশ্যই নির্ধারণ করবেন এবং সিদ্ধান্তটি লিখিতভাবে পিতামাতাকে জানাবেন।

ডিস্ট্রিক্ট 75 পাবলিক স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে, ডিস্ট্রিক্ট 75-এর ডিরেক্টর অভ প্লেসমেন্ট নিরাপত্তাজনিত কারণে বদলির অনুমোদন দেয়া যাবে কিনা তা অবশ্যই নির্ধারণ করবেন এবং তেমন সিদ্ধান্ত নেয়া হলে অবশ্যই পিতামাতাকে লিখিতভাবে তা জানাবেন। যদি বদলির অনুরোধ অনুমোদিত হয়, লিখিত নোটিফিকেশন অবশ্যই: 1) যে স্কুলে শিক্ষার্থীকে বদলির প্রস্তাব দেয়া হয়েছে সেটি সম্পর্কে পিতামাতাকে

উপদেশ প্রদান করবে; এবং 2) বদলিকৃত স্কুলে শিক্ষার্থীকে যে পাঠানো হচ্ছে সে বিষয়টি জানাবে।

## IV. বদলির কাগজপত্র

যখন নিরাপত্তাজনিত কারণে বদলি অনুমোদিত হয়, প্রেরক স্কুল অবশ্যই স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অভ বরো এনরোলমেন্টকে নিচে উল্লিখিত নথিপত্র প্রদান করবে যাতে বদলিকৃত স্কুলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সহজ হয়:

A. ইমিউনাইজেশনের রেকর্ড;
B. ট্র্যান্সক্রিপ্ট এবং/অথবা বর্তমান রিপোর্ট কার্ড;
C. শিক্ষার্থীর প্রোগ্রাম কার্ডের কপি; এবং
D. ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম ("IEP"), যদি প্রযোজ্য হয়
E. §504 সুবিধা পরিকল্পনা, যদি প্রযোজ্য হয়।

## V. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

নো চাইল্ড লেফট বিহাইন্ড বদলির জন্য:

Office of School and Youth Development
N.Y.C. Department of Education
52 Chambers Street
New York, NY 10007
ফোন: 212-374-6784
ফ্যাক্স: 212-374-5751

অন্যান্য নিরাপত্তাজনিত কারণে বদলিসমূহ:

Office of Student Enrollment
N.Y.C. Department of Education
52 Chambers Street
New York, NY 10007
ফোন: 212-374-2363
ফ্যাক্স: 212-374-5568

**শিক্ষার্থীকে অন্য পাবলিক স্কুলে বদলির অধিকার সম্পর্কিত চিঠি**

প্রিয় ______________________:

অনুগ্রহ করে জেনে রাখুন, এটি বিশ্বাস করার কারণ রয়েছে যে, আপনার সন্তান স্কুল প্রাঙ্গনে একটি সহিংস অপরাধের শিকার হয়েছে। নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইন অনুযায়ী, সে স্কুল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যথাযথ অন্য একটি স্কুলে নিরাপত্তাজনিত কারণে বদলি হবার যোগ্য। আপনি যদি বদলি নিতে আগ্রহী হন, আপনাকে অবশ্যই এই নোটিশ পাবার পাঁচ দিনের মধ্যে ___________________________ -এ, আমার সাথে যোগাযোগ করতে হবে। আপনি আপনার সন্তানকে তার বর্তমান স্কুলেও রাখতে পারেন। কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাকে ফোন করতে দ্বিধা করবেন না।

আপনার বিশ্বস্ত,

সাসপেনশন ডিরেক্টর

অনুলিপি: প্রিন্সিপ্যাল
এনরোলমেন্ট ডিরেক্টর

**বদলির স্কুল নির্ধারণের চিঠি**

প্রিয় ______________________:

অনুগ্রহ করে জেনে রাখুন যে, নিরাপত্তাজনিত কারণে আপনার বদলি অনুরোধ অনুযায়ী, আপনার সন্তানকে ______________________________________, স্কুলে বদলি করা হয়েছে যা কার্যকরী হবে____________________ তারিখ থেকে। আপনি যে বদলিটি গ্রহণ করেছেন বা আপনার সন্তান তার বর্তমান স্কুলেই থাকবে বলে যদি সিদ্ধান্ত নিয়ে থাকেন সেটি নিশ্চিত করতে অনুগ্রহ করে অতিসত্ত্বর আমার সাথে যোগাযোগ করুন কিন্তু তা যেন দুই স্কুল দিবসের পরে না হয়। আপনি যদি নতুন স্কুলটিতে আপনার সন্তানকে দিতে আগ্রহী হন, তাহলে আমি আপনাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করবো যাতে তার ঐ স্কুলে রেজিস্ট্রেশন দ্রুত হয়।

আপনার বিশ্বস্ত,

ডিরেক্টর অভ সাসপেনশন

অনুলিপি: প্রিন্সিপ্যাল (প্রেরক স্কুল)
প্রিন্সিপ্যাল (গ্রহণকারী স্কুল)

**সেফটি ট্রান্সফার ইনটেক ফর্ম (নিরাপত্তাজনিত কারণে বদলির পূরণকৃত ফর্ম)**

***এই ফর্মটি শুধুমাত্র সকল নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধের জন্য ব্যবহৃত হবে।  অসম্পূর্ণ অনুরোধের ফর্ম প্রক্রিয়াকরণ করা হবে না এবং সেটা আপনাকে ফেরত দেয়া হবে।***

**শিক্ষার্থীর নাম**________________________________________________________**তারিখ**______________________

**শিক্ষার্থীর আইডি (ID) #**____________________________________**গ্রেড স্তর** _____________**জন্ম তারিখ**__________

পিতামাতা/অভিভাবকের নাম______________________________________ফোন__________________________

ঠিকানা (বাড়ি #, স্ট্রিট, অ্যাপার্টমেন্ট #, বরো এবং জিপ) __________________________________________________

_____________________________________________________________________________________

****************************************************************************************************

**স্কুল**______________________________________________________________________________________

জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) **অথবা** স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) (একটি বৃত্তবদ্ধ করুন)

গ্রেডের স্তর________________________          ক্রেডিটের সংখ্যা______________________

অনুপস্থিতি________________________          বিলম্ব_____________________________

স্পেশাল প্রোগ্রাম/মেজর_______________________________ ESL: হ্যাঁ     অথবা     না (একটি বৃত্তবদ্ধ করুন)

পূর্বে যে স্কুলে পড়েছে _______________________________ তারিখ(সমূহ) ____________________

**ডীনের রেকর্ড**

- ❒ নেই
- ❒ স্টাফের সাথে আচরণ
- ❒ শ্রেণীকক্ষে বিশৃঙ্খলা
- ❒ মাদক সংক্রান্ত
- ❒ শিক্ষার্থীদের সাথে আচরণ
- ❒ প্রিন্সিপালের সাসপেনশন / তারিখ________________________
- ❒ সুপারিনটেনডেন্টের সাসপেনশন / তারিখ____________________
- ❒ অন্যান্য______________________________________________
- ❒ উপস্থিতি/ক্লাস ফাঁকি দেয়া

পূরণ করেছেন_______________________________________________________________________

****************************************************************************************************

**ENROLLMENT OFFICE USE ONLY (শুধুমাত্র এনরোলমেন্ট অফিসের ব্যবহারের জন্য)**

Approved__________________________________________Date_______________________________________________

Placement ______________________________________________Effective Date__________________________________

Denied____________________________________________________________Date____________________________________

Comments_________________________________________________________________________________________

_____________________________________________________________________________________________________

_____________________________________________________________________________________________________

c: ________________________________________ **AP** ______________________________________Sending School

________________________________________ **AP** ______________________________________Receiving School

সংশোধিত 6-25-09

# সেফটি ট্র্যান্সফার সামারি অভ ইনভেস্টিগেশন ফর্ম (নিরাপত্তাজনিত কারণে বদলি সংক্রান্ত তদন্তের সারসংক্ষেপের ফর্ম)

**শিক্ষার্থীর নাম** ______________________________________________________________**তারিখ**______________________________

**শিক্ষার্থীর আইডি (ID) #**_________________________________**গ্রেড স্তর** _______________ **জন্মতারিখ** _______________________

নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধের কারণ(সমূহ) (**সুনির্দিষ্টভাবে বিস্তারিত দিন**) ____________________________________________

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

ঘটনায়(সমূহে) জড়িত সকল ব্যক্তির পরিচয় উল্লেখ করুন প্রতিটি নামের পাশে অভিযুক্ত লিখুন: S (**সাসপেক্ট/অভিযুক্ত**), V (**ভিকটিম/ভুক্তভোগী**), W (উইটনেস্/সাক্ষী), O (আদার/অন্য) ।

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

কে তদন্ত পরিচালনা করেছেন? _______________________________________________________________________

বিবৃতি নেয়া হয়েছে কি? ❒ **হ্যাঁ** ❒ **না**

উত্তর হ্যাঁ হলে, কার কাছ থেকে? **(সকল ব্যক্তিকে শনাক্ত করুন এবং বিবৃতি সংযুক্ত করুন, যদি তারা লভ্য হয়)** _________________

___________________________________________________________________________________________

কার ইন্টারভিউ নেয়া হয়েছে? **(সকল ব্যক্তিকে শনাক্ত করুন)** ____________________________________________________

___________________________________________________________________________________________

অনুগ্রহ করে নিচে তদন্তের ফলাফলের সার-সংক্ষেপ প্রদান করুন:

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

___________________________________________________________________________________________

ঘটনা(গুলি) সংঘটিত করার জন্য অভিযুক্ত শিক্ষার্থী(দের) বিরুদ্ধে সাসপেনশনসহ কী ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে?

___________________________________________________________________________________

___________________________________________________________________________________

প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি দ্বারা কোনও বৈঠক হয়েছে কি? ❒ **হ্যাঁ** ❒ **না**

নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধের সমর্থনে আপনার কাছে কী কী প্রমাণ (ডক্যুমেন্টেশন) রয়েছে?

________পুলিশ রিপোর্ট (**অভিযোগ #, দুর্ঘটনা #, সহায়ক রিপোর্ট # উল্লেখ করুন**) ____________________________

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ঘটনার রিপোর্ট (**# উল্লেখ করুন**) ____________________________________________

________ বিবৃতিসমূহ

__________অন্যান্য (**দয়া করে উল্লেখ করুন**) ____________________________________________________________

গাইডেন্স কাউন্সেলর/ডিনের নাম, যিনি নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ইন্টারভিউ করেছেন:

___________________________________________________________________________________________

**পূর্ণ তদন্তের পর, আমাদের বিশ্বাস নিরাপত্তাজনিত কারণে বদলি আবশ্যক।**

**প্রিন্সিপালের স্বাক্ষর** ______________________________________**অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের স্বাক্ষর**___________________

সংশোধিত 6-25-09